**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আগামী দু'দিন শিক্ষা মন্ত্রক পরিচালিত Foundational Learning Study রাজ্যের নির্বাচিত ১২৭টি বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।**

**(২) এডিসি'র নতুন চেয়ারম্যান পদে ভবরঞ্জন রিয়াং ও মুখ্য নির্বাহী সদস্য পদে রুনেইল দেববর্মা নির্বাচিত হয়েছেন।**

**(৩) পশ্চিমবঙ্গে বিজেপি'র পরিষদীয় দলের নেতা নির্বাচনের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে দলের কেন্দ্রীয় পর্যবেক্ষক ও ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝিকে সহ-পর্যবেক্ষক হিসাবে নিযুক্ত করা হয়েছে।**

**(৪) দ্বিতীয় উত্তরপূর্ব লিটল মাস্টার অনূর্ধ্ব ১৪ বছরের ছেলেদের ক্রিকেটের ফাইনালে ত্রিপুরা খেলবে আসামের বিরুদ্ধে।**

*************************************

**FLS-2026 :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আগামীকাল ও ৭ই মে শিক্ষা মন্ত্রক পরিচালিত Foundational Learning Study রাজ্যের নির্বাচিত ১২৭টি বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। তিনি বলেন, এই সমীক্ষার মূল উদ্দেশ্য হলো প্রাথমিকস্তরের শিক্ষার্থীদের ভিত্তিমূলক সাক্ষরতা ও সংখ্যাজ্ঞান সংক্রান্ত বর্তমান অবস্থা নিরূপণ করা। সমীক্ষার মাধ্যমে প্রাপ্ত তথ্য জাতীয় শিক্ষানীতির আলোকে শিক্ষার গুণগত মান উন্নয়ন ও ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণে সহায়ক হবে।

এই সমীক্ষায় রাজ্যের নির্বাচিত বিদ্যালয়গুলির চতুর্থ শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করবে। শিক্ষার্থীদের শিক্ষাগত অগ্রগতি, পাঠ-বোঝার দক্ষতা এবং মৌলিক গণিত দক্ষতা মূল্যায়নের জন্য এই সমীক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজ্যে এই সমীক্ষার সফল বাস্তবায়নের জন্য SCERT-এর অধিকর্তা ও সমগ্র শিক্ষার রাজ্য প্রকল্প অধিকর্তা State Level Coordinator হিসেবে দায়িত্ব পালন করবেন।

মুখ্যমন্ত্রী এই সমীক্ষাকে সফল করার লক্ষ্যে আগামী দু'দিন সংশ্লিষ্ট বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অবশ্যই বিদ্যালয়ে পাঠানোর জন্য অভিভাবকদের প্রতি আবেদন জানিয়েছেন। পাশাপাশি তিনি ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে উপস্থিত থাকার জন্য উৎসাহিত করতে শিক্ষক-শিক্ষিকাদেরও অনুরোধ জানান। অতীতের বিভিন্ন জাতীয় স্তরের সমীক্ষার মতো এই সমীক্ষা কার্যক্রম সফলভাবে সম্পন্ন হবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

***************************

**ADC :**

আজ খুমুলুং-এ এডিসি'র কাউন্সিল ভবনে এডিসি'র নতুন চেয়ারম্যান এবং মুখ্য নির্বাহী সদস্য নির্বাচন সম্পন্ন হয়েছে। তিপ্রা মথা দলের নব নির্বাচিত ২৪ জন সদস্য, চেয়ারম্যান পদে দামছড়া-জম্পুই আসন থেকে নির্বাচিত ভবরঞ্জন রিয়াং ও মুখ্য নির্বাহী সদস্য পদে বোধজংনগর-ওয়াকিনগর আসন থেকে নির্বাচিত রুনেইল দেববর্মাকে আনুষ্ঠানিকভাবে নির্বাচিত করেন। নির্বাচিত হয়ে রুনেইল দেববর্মা জানান, এডিসি'র নতুন কমিটির প্রথম কাজ হবে এডিসি এলাকায় পানীয় জল, শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার উন্নয়ন। আগামীকাল সকাল ১১টায় মুখ্য নির্বাহী সদস্য ও কার্যনির্বাহী সদস্যদের শপথ গ্রহন অনুষ্ঠান খুমুলুং-এর নুউাই অডিটোরিয়াম হলে অনুষ্ঠিত হবে।

*****************************

**Package Story-PMMSY :**

কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা মৎস্য উৎপাদনে এক যুগান্তকারী উদ্যোগ। এই প্রকল্পের মাধ্যমে সারা দেশের পাশাপাশি ঊনকোটি জেলাতেও তৈরি হচ্ছে স্থায়ী সম্পদ, বাড়ছে মাছের উৎপাদনশীলতা। ফলে সরাসরি উপকৃত হচ্ছেন মৎস্যচাষীরা, বাড়ছে তাদের আয়, শক্তিশালী হচ্ছে অর্থনৈতিক স্বনির্ভরতা। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC######

*************************

**CPIM Deputation-South :**

বিলোনীয়া মহকুমায় সাম্প্রতিক ঝড় বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত কৃষকদের অবিলম্বে ক্ষতিপূরণের দাবিতে আজ সি.পি.আই.এম-এর পক্ষ থেকে দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি'র কাছে ডেপুটেশন প্রদান করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন ও অশোক মিত্র, সি.পি.আই.এম দক্ষিন জেলা সম্পাদক তাপস দত্ত, মহকুমা সম্পাদক বিজয় তিলক প্রমুখ।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**BJP-Amit-Shah :**

পশ্চিমবঙ্গে বিজেপি'র পরিষদীয় দলের নেতা নির্বাচনের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে দলের কেন্দ্রীয় পর্যবেক্ষক ও ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝিকে সহ-পর্যবেক্ষক হিসাবে নিযুক্ত করা হয়েছে। পাশাপাশি আসামে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডাকে কেন্দ্রীয় পর্যবেক্ষক ও হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়েব সিং সাইনিকে সহ-পর্যবেক্ষক হিসাবে নিযুক্ত করা হয়েছে। বিজেপি'র সর্বভারতীয় সাধারণ সম্পাদক অরুণ সিং আজ এখবর জানিয়েছেন।

***************************

**Biplab Kumar Deb :**

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে দলীয় দায়িত্ব সেরে সাংসদ বিপ্লব কুমার দেব আজ রাজ্যে ফিরে এসেছেন। আগরতলা বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী ও অন্যান্য নেতৃবৃন্দ। সাংবাদিকদের তিনি বলেন, পশ্চিমবঙ্গে বিজেপি সরকার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দিশায় সেই রাজ্যের মানুষের আশা পূরণ করবে। তিনি আজ উদয়পুরের মাতাবাড়িতে ত্রিপুরা সুন্দরী মন্দিরে পুজো দেন। মন্দির প্রাঙ্গণে তাকে উষ্ণ অভ্যর্থনা জানান বিধায়ক অভিষেক দেবরায়, রঞ্জিত দাস, বিন্দু দেবনাথ।

এদিকে, পশ্চিমবঙ্গে বিজেপি'র জয়ের পরিপ্রেক্ষিতে বনমালীপুর বিজেপি মন্ডলের উদ্যোগে আজ আগরতলার ধলেশ্বরে বিজয় উৎসবের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য।

**************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সংযুক্ত আরব আমিরাতে সংঘটিত হামলার তীব্র নিন্দা জানিয়েছেন। এই হামলায় তিনজন ভারতীয় নাগরিক আহত হয়েছেন। নিজের সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রধানমন্ত্রী বলেন, সাধারণ নাগরিক ও পরিকাঠামোর ওপর হামলা সম্পূর্ণরূপে নিন্দনীয়। তিনি জানান, ভারত সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে দৃঢ় সংহতি প্রকাশ করছে।

**************************

**Union Education Minister :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান দেশে গবেষণা ও উদ্ভাবন পরিবেশ গড়ে তোলার ক্ষেত্রে সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন। আজ নয়াদিল্লিতে আইআইটি মাদ্রাজ টেক সামিটে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, উদ্ভাবননির্ভর ফলাফল পেতে ভারতের গবেষণা ব্যবস্থার রূপান্তর জরুরি। মন্ত্রী জানান, গবেষণা শুধু পিএইচডি থিসিস বা একাডেমিক প্রকাশনায় সীমাবদ্ধ না থেকে সমাজের উপকারে আসে এমন বাস্তব উদ্ভাবনে রূপ নেওয়া উচিত।

তিনি আরও বলেন, শিল্প, স্টার্টআপ ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে সহায়তা করতে সরকার গবেষণা ও উন্নয়নের জন্য এক লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে।

তিনি উল্লেখ করেন, বহু সফল স্টার্টআপ ও ইউনিকর্ন এখন শিক্ষাপ্রতিষ্ঠান থেকেই উঠে আসছে। গ্লোবাল ইনোভেশন ইনডেক্সে ভারতের অগ্রগতির কথা তুলে ধরে মন্ত্রী জানান, দেশের অবস্থান ৮১তম থেকে উন্নীত হয়ে ৩৮তম স্থানে পৌঁছেছে।

**************************

**Lok Adalat :**

আগামী ৯ই মে রাজ্যে অনুষ্ঠিত হবে এই বছরের দ্বিতীয় জাতীয় লোক আদালত। হাইকোর্ট সহ রাজ্যের সবকটি জেলা ও মহকুমা আদালত চত্বরে লোক আদালত বসবে। রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ভিপি

দেববর্মা জানান, হাইকোর্টে লোক আদালতে ২৮টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। লোক আদালতে মোটর যান দুর্ঘটনা, জমি অধিগ্রহণ, পারিবারিক সমস্যা, এম ভি এক্ট সংক্রান্ত মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

*****************************

**Charak Mela :**

আগামী ১৪ ও ১৫মে দু'দিনব্যাপী কাকড়াবন ব্লকের মেলাঘর টিলা বিদ্যালয়ের মাঠে চড়ক মেলা অনুষ্ঠিত হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং গোমতী জিলা পরিষদ আয়োজিত এ মেলাকে সাফল্যমন্ডিত করার জন্য আজ এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন গোমতী জেলার জিলা সভাধিপতি দেবল দেবরায়।

*******************************

**North East Under 14 Cricket :**

দ্বিতীয় উত্তরপূর্ব লিটল মাস্টার অনূর্ধ্ব ১৪ বছরের ছেলেদের ক্রিকেটের ফাইনালে ত্রিপুরা খেলবে আসামের বিরুদ্ধে। আগামী ৭ই মে হবে ফাইনাল। আজ আসরের দুটি সেমিফাইনাল হয়। নরসিংগড়ের পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে স্বাগতিক ত্রিপুরা ১৪৮ রানে মিজোরামকে এবং টি আই টি মাঠে আসাম ৯৯ রানে মণিপুরকে হারিয়ে দেয়।

******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ এবং ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৪ ডিগ্রি সেলসিয়াস।

****************************